যুগান্তর

প্রিন্ট: ১৬ নভেম্বর ২০২৫, ০৮:১৪ এএম

ক্যাম্পাস

# শাকসু নির্বাচন ১৭ ডিসেম্বর

শাবি প্রতিনিধি

প্রকাশ: ১৪ নভেম্বর ২০২৫, ১০:৪৭ পিএম




ফাইল ছবি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (শাকসু) নির্বাচন আগামী ১৭ ডিসেম্বর (বুধবার) অনুষ্ঠিত হবে বলে জানিয়েছেন উপাচার্য অধ্যাপক ড. এএম সরওয়ারউদ্দিন চৌধুরী।

শুক্রবার (১৪ নভেম্বর) রাত ৯টায় উপাচার্যের সভাকক্ষে এক সংবাদ সম্মেলনে তিনি এ ঘোষণা দেন।

উপাচার্য বলেন, একটা সফল নির্বাচন আয়োজনের তারিখ নির্ধারণ করতে আমরা একাধিকবার সবপক্ষের সঙ্গে বসেছি। পারিপার্শ্বিক সব দিক বিবেচনা করে দেখেছি এর চেয়ে সুন্দর আর কোনো তারিখ হতে পারে না। তাই আগামী ১৭ ডিসেম্বর একটা উপযুক্ত তারিখ বলে মনে করছি।

আমরা এ নির্বাচন আয়োজনে সবার সহযোগিতা কামনা করছি। আমরা চাই, যেন খুবই জাঁকজমকভাবে এ নির্বাচন অনুষ্ঠিত হয়। শিক্ষার্থীরা সবাই এতে অংশগ্রহণ করবে বলে আমরা আশা করছি।

এর আগে বৃহস্পতিবার সন্ধ্যায় শাকসুর তারিখ ঘোষণা করে সংবাদ সম্মেলন করার কথা ছিল উপাচার্যের; কিন্তু তা স্থগিত করে বিশ্ববিদ্যালয় প্রশাসন। এরপর থেকেই শাকসুর তারিখ ঘোষণার দাবিতে ক্যাম্পাসে অবস্থান নেন শিক্ষার্থীরা।

এরপর ওই রাতেই রেজিস্ট্রার ভবনে তালা দেন শিক্ষার্থীরা। পরে রাত ১০টার দিকে উপাচার্যের বাসভবনের সামনে অবস্থান নেন তারা।

X